# প্রবাসী কল্যাণ ব্যাংক
## প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"


পরিপত্র নং- ৭৭/২০২০

তারিখঃ ১৫.১২.২০২০

বিষয়ঃ অগ্রণী ব্যাংকের সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণের কিস্তি কালেকশন সার্ভিসের বিষয়ে প্রদত্ত নির্দেশমালা প্রদান প্রসঙ্গে

অগ্রণী ব্যাংকের সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণের কিস্তি কালেকশন সার্ভিসের বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১০ নভেম্বর ২০২০ ইং তারিখে সকাল ১০.০০ টায় "কালেকশন সার্ভিস" চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সংঘঠিত হয়। প্রবাসী কল্যাণ ব্যাংকের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন ড. মোঃ মাজহারুল হক, বিভাগীয় প্রধান, আইটি বিভাগ এবং অগ্রণী ব্যাংক লিমিটেডের পক্ষে স্বাক্ষর করেন জনাব জাকিয়া বেগম, মহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, পিসিএমডি বিভাগ।

উক্ত চুক্তির ফলশ্রুতিতে প্রবাসী কল্যাণ ব্যাংকের গ্রাহকগণের ঋণের কিস্তি পরিশোধের সুবিধার্থে অগ্রণী ব্যাংক এর শাখাসমূহ এবং এজেন্টপয়েন্টসমূহের দ্বার উন্মুক্ত থাকবে। অগ্রণী ব্যাংকের শাখাসমূহ এবং এজেন্টপয়েন্টসমূহের মাধ্যমে প্রবাসী কল্যাণ ব্যাংকের দেশব্যাপী ঋণের কিস্তি আদায়ের প্রক্রিয়া নিম্নরূপ;



১। পিকেবির সকল গ্রাহকদের পূর্ণ তালিকার সফট কপি (এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) প্রতি মাসের প্রথম কার্যদিবসে পিকেবির প্রধান কার্যালয়ের আইটি বিভাগ হতে অগ্রণী ব্যাংক বরাবর প্রেরণ করা হবে।

২।অগ্রণী ব্যাংক কর্তৃক গ্রাহকদের পূর্ণ তালিকার সফট কপি(এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) তাদের সিস্টেম এ আপলোড করা হবে।

৩। পিকেবির সকল শাখা কর্তৃক ঋণগ্রাহকদের অগ্রণী ব্যাংকের মাধ্যমে টাকা জমা দেওয়ার প্রক্রিয়া সংবলিত লিফটেট সরবরাহ করা হবে।

৪। ঋণগ্রাহকগণ ক্লাইন্ট ইনফরমেশন স্লীপ এবং অগ্রণী ব্যাংকের জমা স্লীপ / P.O.S. স্লীপ পূরণ করে অগ্রণী ব্যাংকে/ এজেন্টপয়ন্টসমূহে ঋণের কিস্তি জমা দিতে পারবেন। (সংযুক্তি-১ এ দ্রস্টব্য)

প্রবাসী কল্যাণ ব্যাংকের ক্লায়েন্ট ইনফরমেশন স্লিপ নিম্নলিখিত ৪ টি পয়েন্টে পাওয়া যাবে-

- প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখাসমূহে
- প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইটে
- অগ্রণী ব্যাংকের শাখাসমূহে
- অগ্রণী ব্যাংকের এজেন্টপয়েন্টসমূহে

৫। প্রতিদিন সকালে নির্দিষ্ট সময়ে পিকেবি গ্রাহকদের জমা সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে অগ্রণী ব্যাংক হতে পাওয়া যাবে। এছাড়াও অগ্রণী ব্যাংকের অনুমোদিত অনলাইন ব্যাংকিং সিস্টেম/ওয়েবপোর্টালের মাধ্যমে পিকেবি যেকোন সময় কিস্তি আদায়ের তথ্য সংবলিত রিপোর্ট সংরক্ষণ করা যাবে। নিম্নে অগ্রণী ব্যাংকের সিস্টেম হতে প্রাপ্ত রিপোর্ট এর একটি সার-সংক্ষেপ উল্লেখ করা হলো -

| SL | Loan Code | Client Name | Father Name | Installment Amount | Mobile Number | Date-Time |
|---|---|---|---|---|---|---|
| 1 | 888120000001 | Mr. A | Mr. X | 6150 | 01712589632 | 12-11-2020, 10.33AM |
| 2 | 888120000002 | Mr. B | Mr. Y | 6150 | 01712589633 | 12-11-2020, 10.33AM |
| 3 | 888120000003 | Mr. C | Mr. Z | 6150 | 01712589634 | 12-11-2020, 10.33AM |
| 4 | 888120000004 | Mr. D | Mr. H | 6150 | 01712589635 | 12-11-2020, 10.33AM |
| 5 | 888120000005 | Mr. E | Mr. G | 6150 | 01712589636 | 12-11-2020, 10.33AM |

৬। অগ্রণী ব্যাংক হতে সকল ঋণগ্রহিতার কিস্তি আদায়ের লেনদেন সংক্রান্ত প্রাপ্ত রিপোর্ট পিকেবির প্রধান কার্যালয়ের আইটি বিভাগ কর্তৃক পিকেবি সিস্টেম এ স্বয়ংক্রিয় পোস্টিং দেওয়া হবে।

৭। পিকেবির কেন্দ্রীয় হিসাব বিভাগ আইটি বিভাগ কর্তৃক প্রদত্ত স্বয়ংক্রিয় পোস্টিংসমূহ অগ্রণী ব্যাংকের রিপোর্ট এর সাথে যাচাই-বাছাইপূর্বক অ্যাপ্রুভ করবে এবং এর বিপরীতে ইয়োলো ভাউচার সংরক্ষণ করা হবে।

৮। পিকেবির সকল শাখা কর্তৃক পিকেবি সফটওয়ারে পোস্টিং অনুযায়ী তাদের নিজ নিজ ঋণগ্রহিতাদের কিস্তি আদায়ের লেনদেনসমূহের সঠিকতা নিশ্চিতপূর্বক ভাউচার সংরক্ষণ করা হবে।

৯। প্রতি মাসে পিকেবির কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক উক্ত হিসাবের রিকনসিলিয়েশন স্টেটমেন্ট প্রস্তুত করা হবে।

শাখাসমূহ ও ঋণ গ্রাহকগণের করণীয়ঃ

- পিকেবির শাখাসমূহ গ্রাহকদের ঋণ কেস নং এবং অগ্রণী ব্যাংকের যে হিসাবে কিস্তির টাকা জমা দেওয়া যাবে তার এস.এন.ডি. হিসাব নং সরবরাহ করবে। অধিকন্তু, এস.এন.ডি. হিসাব নং (০২০০০১৬০৭৩৩৭১) প্রবাসী কল্যাণ ব্যাংকের "ক্লায়েন্ট ইনফরমেশন স্লিপ" এ উল্লেখ থাকবে।
- ঋণগ্রাহকগণ প্রবাসী কল্যাণ ব্যাংকের "ক্লায়েন্ট ইনফরমেশন স্লিপ" পূর্বোল্লিখিত পয়েন্টসমূহ হতে সংগ্রহ করতে পারবেন।
- ঋণগ্রাহকগণ "ক্লায়েন্ট ইনফরমেশন স্লিপ" অগ্রণী ব্যাংকের নীতি অনুযায়ী কাটাছেঁড়া, ওভাররাইটিং না করে যথাযথভাবে পূরণ করবেন।
- অগ্রণী ব্যাংকের শাখাসমূহের মাধ্যমে ঋণের কিস্তি জমা করার সময় গ্রাহকগণ "ক্লায়েন্ট ইনফরমেশন স্লিপ" এবং অগ্রণী ব্যাংকের জমা রশিদও পূরণ করবেন । গ্রাহকগণ যদি অগ্রণী ব্যাংকের এজেন্ট এর মাধ্যমে ঋণের কিস্তি জমা দেয় সেক্ষেত্রে পিকেবির গ্রাহকের তথ্যের স্লিপের সাথে সাথে অগ্রণী ব্যাংকের এজেন্ট কর্তৃক প্রদত্ত জমা রশিদও পূরণ করবেন।
- গ্রাহকগণ পিকেবির ঋণের কিস্তি পরিশোধ করার ক্ষেত্রে সতর্কতার সাথে ব্যাংকের লেনদেন সময়সীমা অনুসরণ করবে যা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনামাফিক পরিবর্তনশীল।
- গ্রাহকগণ সঠিকভাবে পূরণকৃত স্লিপের মাধ্যমে কিস্তি জমা করবে এবং ভবিষ্যৎ অনুসন্ধানের জন্য গ্রাহক কপি/ রিসিপ্ট কপি যথাযথভাবে সংরক্ষণ করবে। উল্লেখ্য, এজেন্ট এর মাধ্যমে ঋণের কিস্তি জমার ক্ষেত্রে গ্রাহকগণ এজেন্ট এর কাছ থেকে পি.ও.এস.(P.O.S.) স্লিপ গ্রহণ করবে এবং সংরক্ষণ করবে।

পিকেবি এবং অগ্রণী ব্যাংকের চুক্তি বাস্তবায়নে প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং শাখার করণীয়সমূহ-

- ঋণের কিস্তি জমা করার উদ্দেশ্যে অগ্রণী ব্যাংকের হোটেল ইন্টারকন্টিনেন্টাল কর্পোরেট শাখা, ঢাকায় চুক্তি অনুযায়ী "প্রবাসী কল্যাণ ব্যাংক" শিরোনামে একটি হিসাব খোলা হয়েছে।
- প্রবাসী কল্যাণ ব্যাংক কে প্রথমবারের মত তাদের সকল গ্রাহকদের পূর্ণ তালিকার সফট কপি(এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) অগ্রনী ব্যাংক বরাবর প্রেরণ করতে হবে।
- প্রথমবারের পর, প্রতি মাসে পিকেবি কে গ্রাহকদের হালনাগাদ তালিকার (নতুন গ্রাহকদের তথ্য এবং বর্তমান গ্রাহকদের হালনাগাদ তথ্য) সফট কপি(এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) অগ্রনী ব্যাংকসরবরাহ করতে হবে।
- পিকেবি অগ্রণী ব্যাংককে পিকেবির ক্লাইন্ট ইনফরমেশন স্লীপের একটি ফরম্যাট এর সফটকপি সরবরাহ করবে। অগ্রণী ব্যাংক তার শাখাসমূহকে এবং এজেন্ট পয়েন্টসমূহে এটি সরবরাহ করবে।
- পিকেবির সকল শাখাকে অবশ্যই ঋণের কিস্তি আদায়ের জন্য গ্রাহকদের ক্লাইন্ট ইনফরমেশন স্লিপ সরবরাহ করবে যার ফরম্যাট এর সফটকপি প্রধান কার্যালয় কর্তৃক প্রেরিত হবে। স্লিপটি গ্রাহকগণ পিকেবি ওয়েবসাইট থেকেও সংগ্রহ করতে পারবেন।
- পিকেবি অবশ্যই অগ্রণী ব্যাংককে দৈনন্দিন লেনদেনের তালিকার একটি ফরম্যাট সরবরাহ করবে এবং অগ্রণী ব্যাংক পিকেবিকে এর দেওয়া ফরম্যাট অনুযায়ী দৈনন্দিন লেনদেনের তালিকার ওয়েব পোর্টাল প্রেরণ করবে।

কমিশন এবং ফিঃ

- অগ্রণী ব্যাংকের শাখা সমূহে পিকেবি গ্রাহকদের কিস্তি জমাদানের ক্ষেত্রে কোন চার্জ দিতে হবেনা।
- অগ্রণী ব্যাংকের এজেন্টপয়েন্টসমূহে পিকেবি গ্রাহকদের কিস্তি জমাদানের ক্ষেত্রে এজেন্টগণ কিস্তি প্রতি ২৫ টাকা (ভ্যাট/ট্যাক্স সহ) চার্জ করবে।

<u>হিসাবায়ন পদ্ধতিঃ</u>

<u>প্রধান কার্যালয়ের ক্ষেত্রেঃ অভিবাসন (ঋণ কোড নং-১২)এবং পুনর্বাসন ঋণের(ঋণ কোড নং-১৩) ক্ষেত্রে</u>

পিকেবির প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ আইটি বিভাগ কর্তৃক অগ্রণী ব্যাংকের ওয়েব পোর্টাল হতে পিকেবি ঋণ গ্রাহকদের ঋণের কিস্তি আদায় সংক্রান্ত তথ্যের এক্সেল কপির বিপরীতে প্রদত্ত স্বয়ংক্রিয় পোস্টিংসমূহ অগ্রণী ব্যাংকের রিপোর্ট এর সাথে যাচাই-বাছাইপূর্বক অ্যাপ্রুভ করবে এবং এর বিপরীতে ইয়োলো ভাউচার সংরক্ষণ করবে। স্বয়ংক্রিয় পোস্টিংসমূহের ম্যানুয়াল রূপ নিম্নে দেওয়া হলোঃ

পিকেবি সফটওয়ারের Loan and Advance module এ গিয়ে Transaction Option এ ক্লিক করতে হবে। এরপর Account Number row তে প্রথমে শাখার কোড যেমন প্রধান শাখার ক্ষেত্রে কোড ৮৮৮ এরপর ঋণ কোড যেমন অভিবাসন ঋণের ক্ষেত্রে কোড ১২ এরপর লোন কেস নং পূরন করতে হবে। Transaction Type option এর ক্রেডিট option টি পূরণ করতে হবে। Transaction Mode এ Cheque এবং Bank Name এর ক্ষেত্রে Agrani Bank Ltd- Hotel Intercontinental Branch(999100020028). সিলেক্ট করতে হবে। এরপর transaction amount এবং particulars পূরণ করে Purpose এ none সিলেক্ট করে Save Transaction ক্লিক করতে হবে। নিম্নে একটি ডেমো দেখানো হলো-

| Home | Profile & Accounts | Deposit | Loans & Ad |
|---|---|---|---|

Common Transaction

| | |
|---|---|
| Account Number | 888 . 12 . 0036731 * Show |
| Transaction Type | ○ Debit ◉ Credit |
| Transaction Mode | ○ Cash ◉ Cheque ○ Transfer |
| Bank Name | Agrani Bank Limited, Hotel Intercontinental Branch - 999100020028 |
| Transaction Amount | 12000 * |
| Particulars | (collection of instalment of loan by Agrani ba |
| Purpose | None |
| | Save Transaction |

এরপর নিম্নলিখিত পদ্ধতিতে ইয়োলো ভাউচার প্রস্তুত করতে হবে।

ব্যাংক হিসাব (অগ্রণী ব্যাংক লিঃ, হোটেল ইন্টারকন্টিনেন্টাল শাখা)-----ডেবিট
আন্তঃব্যাংক লেনদেন হিসাব ------------------------------------------ক্রেডিট
শাখার নাম--------------------*****
শাখার নাম--------------------*****
শাখার নাম--------------------*****

সংযুক্তি-২ এ একটি ডেমো ভাউচার প্রদর্শিত হলো।

শাখার ক্ষেত্রেঃ

পিকেবির প্রধান কার্যালয়ের পোস্টিং এর পর একটি নির্দিষ্ট সময়ান্তে শাখা Migration Loan (200050201) এবং Rehabilitation Loan (200050202) এর ক্ষেত্রে পিকেবি সফটওয়ারের Loan & Advance এর Daily Transaction List Print দিতে হবে । এরপর নিম্নলিখিত ইয়োলো ভাউচার প্রস্তুত করতে হবে-

আন্তঃব্যাংক লেনদেন হিসাব(প্রধান কার্যালয়)----- ---------------ডেবিট
অভিবাসী ঋণ হিসাব(২০০০৫০২০১)-----------------------------ক্রেডিট
পূনর্বাসন ঋণ হিসাব(২০০০৫০২০২)-----------------------------ক্রেডিট

সংযুক্তি- ৩ এ একটি ডেমো ভাউচার প্রদর্শিত হলো।

বিশেষ দ্রস্টব্যঃ এই পরিপত্র শুধুমাত্র অভিবাসন (ঋণ কোড নং-১২) এবং পূনর্বাসন ঋণের (ঋণ কোড নং-১৩) ক্ষেত্রে প্রযোজ্য। পরবর্তীতে এই পরিপত্রের কোন সংশোধন ,পরিমার্জন ও সংস্করণ করা হলে তা সময়ে সময়ে জানানো হবে।

১৫/১২/২০২০
(মোঃ জাহাঙ্গীর হোসেন)
মহাব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক

অনুলিপি-
১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
২। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
৩। বিভাগীয় প্রধান (সকল),প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
৪। বিভাগীয় প্রধান, সাধারণ সেবা বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়। (সকল শাখায় লিফলেট ও ক্লায়েন্ট ইনফরমেশন স্লিপ বিতরণের অনুরোধসহ)
৫।বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬।অফিস কপি।